

পবিত্র কোরআন এবং ওল্ড (Old) ও নিউ (New) টেস্টামেন্টে বিভিন্ন নবীদের নাম উল্লেখ

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহা

বিসমিল্লাহির রহমানির রহিম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে “পবিত্র কোরআন এবং ওল্ড (Old) ও নিউ (New) টেস্টামেন্টে
বিভিন্ন নবীদের নাম উল্লেখ”।

পবিত্র কোরআনুল কারীমে আল্লাহ তা’য়লা ইরশাদ করেন:

১। এই রাসূল (মুহাম্মাদ) ঈমান এনেছে তাতে (আল-কোরআনে), যা নাযিল করা হয়েছে তার
প্রতি তার প্রভুর পক্ষ থেকে এবং মুমিনরাও (ঈমান এনেছে)। তাদের প্রত্যেকেই ঈমান এনেছে
আল্লাহর প্রতি, তাঁর ফেরেশতাদের প্রতি, তাঁর কিতাব সমূহের প্রতি, এবং তাঁর রসূলের প্রতি।

أَمَّنَ الرَّسُولُ بِمَا أُنزِلَ إِلَيْهِ مِنْ رَبِّهِ وَالْمُؤْمِنُونَ كُلٌّ آمَنَ بِاللَّهِ وَمَلَائِكَتِهِ وَكُتُبِهِ
وَرُسُلِهِ لَا نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِّنْ رُّسُلِهِ وَقَالُوا سَمِعْنَا وَأَطَعْنَا غُفْرَانَكَ رَبَّنَا وَإِلَيْكَ
الْمَصِيرُ ﴿٢٨٥﴾

পবিত্র কুরআনুল কারীমে ২৫ জন নবীর নাম উল্লেখ পাওয়া যায়। বিভিন্ন হাদীসে নবীর সংখ্যা আরো বেশি
উল্লেখ করা হয়েছে। ২৫ জন ছাড়া অন্যদের নাম ও তাদের মিশন সম্পর্কে বিস্তারিত কিছুই জানা যায় না।

কোরআনে উল্লেখিত ২৫ জন নবী সম্পর্কে প্রায় ১২৩৮ টি আয়াত রয়েছে। এ সমস্ত আয়াতে নবীগণ তাদের
কওমের সামনে তাওহীদ, রেসালাত, আখেরাতে বিচারদিবসের উপর বিশ্বাস সংক্রান্ত দাওয়াত পেশ করেন।
এবং দুনিয়ায় জুলুম-নিপীড়ন পরিহার করে ন্যায়বিচার, সৎকাজ করার আহ্বান জানিয়েছিল। যে সমস্ত কওম
নবীদের দাওয়াত প্রত্যাখ্যান করেছিল এবং সমাজে অনাচার সৃষ্টি করে চলছিল তাদেরকে আল্লাহ দুনিয়ায়
আযাবের মাধ্যমে ধ্বংস করে দিয়েছিলেন। এবং আখেরাতে তাদের শাস্তি হবে আরও কঠোর।

SL	কোরআনে উল্লেখিত নবীদের নাম			Old & New Testament এ উল্লেখিত নবীদের নাম	
1	آدم	আদম	Adam	Adam	আদম
2	إدريس	ইদরিস	Idrees	Enoch	এনোখ
3	نوح	নূহ	Nuh	Noah	নোয়াহ

4	هود	হুদ	Hud	Hud	হুদ
5	صالح	সালিহ	Salih	Saleh	সালিহ
6	لوط	লূত	Lut	Lot	লট
7	ابراهيم	ইবরাহিম	Ibrahim	Abraham	আবরাহাম
8	إسماعيل	ইসমাইল	Ismaeel	Ishmael	ইশমায়েল
9	إسحاق	ইসহাক	Ishaq	Issac	ইসাক
10	يعقوب	ইয়াকুব	Yacoob	Jacob	জ্যাকব
11	يوسف	ইওসুফ	Yusuf	Joseph	জোসেফ
12	شعيب	শুয়াইব	Shu'aib	Jehtro	জেহত্রো
13	أيوب	আয়ুব	Ayyub	Job	জব
14	ذو الكفل	জুলকিফর	Jhulkifl	Ezekiel	এজিকিয়েল
15	موسى	মূসা	Moosa	Moses	মেসেস
16	هارون	হারুন	Haroon	Aaron	এ্যারোন
17	داود	দাউদ	Dawud	David	জ্যাভিড
18	سليمان	সুলাইমান	Sulaiman	Solomon	সলোমন
19	إلياس	ইলিয়াছ	Elias	Elias	ইলিয়াছ
20	أليسا	আল ইয়াসা	Al-yasa	Elisha	এলিশা
21	يونس	ইউনুছ	Yunus	Jonah	জোনাহ
22	زكريا	জাকারিয়া	Zachariah	Zachariah	জাকারিয়া
23	يحيى	ইয়াহয়িয়া	Yahya	John	জন
24	عيسى	ঈসা	Isa	Jesus	জেসাস
25	محمد	মুহাম্মদ	Muhammad.	Ahmed	আহমদ

পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে:

২। মুহাম্মদ একজন রসূল ছাড়া আর কিছুই নয় তার আগেও অনেক রসূল অতীত হয়েছে। সুতারাং সে যদি মরে যায়, অথবা নিহত হয়, তবে কি তোমরা (ইসলাম ত্যাগ করে) পেছনে ফিরে যাবে?

وَمَا مُحَمَّدٌ إِلَّا رَسُولٌ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِ الرُّسُلُ أَفَإِنْ مَاتَ أَوْ قُتِلَ انْقَلَبْتُمْ عَلَىٰ أَعْقَابِكُمْ وَمَنْ يَنْقَلِبْ عَلَىٰ عَقْبَيْهِ فَلَنْ يَضُرَّ اللَّهَ شَيْئاً وَسَيَجْزِي اللَّهُ الشَّاكِرِينَ ﴿١٤٤﴾

মুহাম্মদ একজন রাসূল মাত্র ; তাহার পূর্বে বহু রাসূল গত হইয়াছে । সুতরাং যদি সে মারা যায় অথবা সে নিহত হয় তবে তোমরা কি পৃষ্ঠ প্রদর্শন করিবে ? এবং কেহ পৃষ্ঠ প্রদর্শন করিলে সে কখনও আল্লাহর ক্ষতি করিতে পারিবে না; বরং আল্লাহ শীঘ্রই কৃতজ্ঞদের পুরস্কৃত করিবেন । সূরা আলে ইমরান ৩ঃ ১৪৪

৩। মুহাম্মদ তোমাদের কোন পুরুষের পিতা নয়, বরং আল্লাহর রাসূল ও সর্বশেষ নবী।

مَا كَانَ مُحَمَّدٌ أَبَا أَحَدٍ مِّن رِّجَالِكُمْ وَلَكِن رَّسُولَ اللَّهِ وَخَاتَمَ النَّبِيِّينَ وَكَانَ اللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيماً ﴿٤٠﴾

মুহাম্মদ তোমাদের মধ্যে কোন পুরুষের পিতা নহে ; বরং সে আল্লাহর রাসূল এবং শেষ নবী । আল্লাহ সর্ববিষয়ে সর্বজ্ঞ । সূরা আল আহযাব ৩৩ঃ ৪০

৪। (ঈসা বলেছিলেন) এবং আমি সুসংবাদ দিচ্ছি আমার পরে একজন রাসূল আসবেন, তার নাম হবে আহমদ।

وَإِذْ قَالَ عِيسَى ابْنُ مَرْيَمَ يَبْنِي إِسْرَائِيلَ إِنِّي رَسُولُ اللَّهِ إِلَيْكُمْ مُّصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيَّ مِنَ التَّوْرَةِ وَمُبَشِّرًا بِرَسُولٍ يَأْتِي مِنْ بَعْدِي اسْمُهُ أَحْمَدُ فَلَمَّا جَاءَهُمْ بِالْبَيِّنَاتِ قَالُوا هَذَا سِحْرٌ مُّبِينٌ ﴿٦﴾

স্মরণ কর, মারইয়াম-তনয় 'ঈসা বলিয়াছিল, 'হে বনী ইসরাঈল! অবশ্যই আমি তোমাদের নিকট আল্লাহর রাসূল এবং আমার পূর্ব হইতে তোমাদের নিকট যে তাওরাত রহিয়াছে আমি তাহার প্রত্যয়ন-কারী এবং আমার পরে আহমাদ নামে যে রাসূল আসিবেন আমি তাহার সুসংবাদদাতা । পরে সে যখন স্পষ্ট নিদর্শনসহ উহাদের নিকট আসিল তখন উহারা বলিতে লাগিল, 'ইহা তো এক স্পষ্ট জাদু ।' সূরা আস সাফা ৬১ঃ ৬

অতএব প্রিয় ভাই ও বোনেরা! আসুন, আমরা আমাদের ঈমানকে দৃঢ় করার জন্য পবিত্র কোরআন, সহীহ হাদীস গভীরভাবে পড়াশোনা করি, হৃদয়ঙ্গম করি, আল্লাহর সৃষ্টি সম্পর্কে চিন্তা ভাবনা করি এবং কোরআন ও সহীহ হাদীসে বর্ণিত নির্দেশ মোতাবেক নিজেদের, পরিবারের, পাড়া-প্রতিবেশীর, এবং অন্যান্যদের জীবন পরিচালন ও পরিচালিত করার উৎসাহ প্রদান করি। আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াব্বারাকাতুহু।